

## 💵 ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ আধুনিক জীবনের কিছু আদব রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

## মোবাইল

দূরালাপের জন্য মোবাইল আমাদের জন্য আরো বেশী উপকারী যন্ত্র। কিন্তু তার অপকারিতাও টেলিফোনের চাইতে অনেক বেশী। আর ছেলে-মেয়েদের হাতে পড়লে তাতে আপনার সতর্কতার কিছুই নেই। আপনি কি তাদের পিছনে পিছনে ঘুরে বেড়াবেন?

মোবাইলের মাধ্যমে চিঠি পাঠাবার ব্যবস্থা আছে। খারাপ চিঠি থেকে নিজেকে দূরে রাখুন। তাতে ব্যবস্থা আছে কথা রেকর্ড করার। সুতরাং জাসূসী করা থেকে দূরে থাকুন।

ক্যামেরাবিশিষ্ট মোবাইল হলে কারো অজান্তে তার ছবি তুলবেন না। কোন অবৈধ ছবি অবশ্যই তুলবেন না। আর টেলিফোন বা মোবাইলের রিং সাধারণ রাখুন। অবশ্যই কোন প্রকার মিউজিক বা গান লাগিয়ে রাখবেন না। এ ছাড়া মসজিদে বা দর্সে গেলে রিং বন্ধ রাখুন। আপনার মোবাইল দ্বারা অপরকে কষ্ট দিবেন না বা নিজ তথা অপরের ইবাদতের মনোযোগ ও একাগ্রতা নষ্ট করবেন না।

পরস্তু ইবাদতের জায়গায় যদি রিং বন্ধ করতে ভুলেই যান, তাহলে প্রথম রিং হওয়া মাত্র সাথে সাথে বন্ধ করে ফেলুন। নামায অবস্থায় হলেও তা ছেড়ে রাখবেন না। কারণ, তাতে আপনার সাথে প্রায় সকল নামাযীর মনোযোগ বিক্ষিপ্ত হয়ে যাবে।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=7892

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন